

## প্রাইমারি শিক্ষক নিয়োগ বিলম্বিত হচ্ছে

মুহাম্মদ আলম :: জেলা প্রশাসকদের সহযোগিতার অভাবে বিলম্বিত হচ্ছে সরকারি প্রাইমারী স্কুলে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া। প্রাইমারি শিক্ষা অধিদপ্তরের অনুরোধকে পাত্তা দিচ্ছেন না জেলা প্রশাসকরা। গত ৩১ মার্চের মধ্যে লিখিত পরীক্ষায় পাশ করা নিজ নিজ জেলার প্রার্থীদের মৌখিক পরীক্ষা শেষ করতে জেলা প্রশাসকদের অনুরোধ করেছিলো প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। কিন্তু অধিকাংশ জেলা প্রশাসক তা সম্পন্ন করেননি। বেশ কিছু জেলায় এখনও মৌখিক পরীক্ষা চলছে। অধিদপ্তরের একটি সূত্র জানিয়েছে সব জেলায় মৌখিক পরীক্ষা শেষ হতে মে মাসের মাঝামাঝি পার হয়ে যাবে। ফলে জুনের শেষ অথবা জুলাইয়ের প্রথম দিকে ছাড়া শিক্ষক নিয়োগের চূড়ান্ত ফলাফল বেরুচ্ছে না। সরকারি প্রাইমারি স্কুলে ১০ হাজার

সহকারী শিক্ষক নিয়োগ করতে সারাদেশ ব্যাপী গত ১৩ নভেম্বর অগ্রহী প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রার্থীদের নূন্যতম যোগ্যতা ছিলো পুরুষদের জন্যে স্নাতক ও মহিলাদের জন্যে দ্বিতীয় বিভাগে এস এস সি পাশ। নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবার কথা ছিলো মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে। লিখিত পরীক্ষার নির্ধারিত নাম্বার ছিলো ৮০ এবং মৌখিক পরীক্ষার নাম্বার হচ্ছে ২০। লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে মোট শূন্য পদের শতকরা ৬০ ভাগ মহিলাদের জন্যে সংরক্ষণ করে নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত হবে। গত ৪ ফেব্রুয়ারি লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। অধিদপ্তরের ইচ্ছে ছিলো এপ্রিলের মাঝামাঝি চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবে। এ জন্যে জেলা প্রশাসকদের মার্চের মধ্যে মৌখিক পরীক্ষা শেষ করতে অনুরোধ করা হয়েছিলো